



আল্লাহ ছাড়া নির্বাচন ঠেকানো যাবে না, জনগণ প্রস্তুত: বিএনপি নেতা সালাহউদ্দিন আহমেদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, আগামী জাতীয় নির্বাচন নির্ধারিত সময়েই অনুষ্ঠিত হবে। তিনি দাবি করেন, জনগণ নির্বাচনমুখী এবং কেউ যদি ভোটের বিরোধিতা করে, তবে জনগণই তাদের প্রত্যাখ্যান করবে। নেত্রকোণায় জেলা বিএনপির সম্মেলনে তিনি সাংবিধানিক ও রাষ্ট্র কাঠামোর সংস্কারের প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করেন। আগামী জাতীয় সংসদ নির্বাচন আল্লাহ ছাড়া কেউ ঠেকাতে পারবে না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। শনিবার (৩০ আগস্ট) সকালে নেত্রকোণা জেলা বিএনপির সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

সালাহউদ্দিন আহমেদ বলেন, “দেশে নির্বাচনী পরিবেশ তৈরি হয়েছে। জনগণ এখন ভোটের অপেক্ষায়। কেউ যদি নির্বাচনের বিরোধিতা করে তবে জনগণই তাদের প্রত্যাখ্যান করবে।” তিনি জানান, বিএনপি সাংবিধানিক ও রাষ্ট্র কাঠামোর গণতান্ত্রিক সংস্কারের উদ্যোগ নিয়েছে। এর মূল উদ্দেশ্য হলো দেশে আর কখনো স্বৈরশাসন বা ফ্যাসিবাদের জন্ম না দেওয়া। আগামী জাতীয় নির্বাচনের পর এসব সংস্কার বাস্তবায়ন করা হবে। তবে যে সংস্কারগুলো সংবিধান সংশোধন ছাড়াই সম্ভব, তা বর্তমান সরকার চাইলে এখনই কার্যকর করতে পারে বলে উল্লেখ করেন তিনি।

আগামী ২০২৬ সালের রমজানের আগেই নির্বাচন অনুষ্ঠিত হবে উল্লেখ করে বিএনপির এই শীর্ষ নেতা বলেন, “ঠুনকো অজুহাতে কেউ কেউ নির্বাচন বাধাগ্রস্ত করার চেষ্টা করছে। কিন্তু জনগণ প্রস্তুত, তারা ভোট দেবে। আল্লাহ ছাড়া এই নির্বাচন কেউ ঠেকাতে পারবে না।”